



ট্রেনিং ইনস্টিটিউট

পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
গণকবাড়ী, সাভার, ঢাকা- ১৩৪৯।

ফোনঃ ৮৮-০২-৭৭৯০৭৯৪ ; ই-মেইলঃ ti_baec@yahoo.com



নং : ৩৯.০১.২৬৭২.২১৭.২৫.০৫৬.২০১৬/০৫

তারিখঃ ১৩-০১-২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের **Training Institute এ Follow-up Training Course (FTC)** এর আওতায় **অনুষ্ঠিতব্য Reactor Engineering Course** -এর জন্য প্রশিক্ষার্থীদের মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাপান বাংলাদেশ সহযোগীতা চুক্তির আওতায় Japan Atomic Energy Agency (JAEA) কর্তৃক জাপানে Instructor Training Course (ITC) আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাপশক-এর বিজ্ঞানীগণ প্রশিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করেন। বাংলাদেশে Nuclear Human Resource Development এর ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে জাপানের বিশেষজ্ঞ ও ITC-এ প্রশিক্ষণপ্রাপ্ত বিজ্ঞানীদের সহযোগীতায় সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউটে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আগামী ০৭ ফেব্রুয়ারী ২০২১ খ্রি. তারিখ থেকে নিম্নে উল্লেখিত সিডিউল মোতাবেক প্রশিক্ষণ কোর্সটি অনুষ্ঠিত হবে।

Sl. No.	Name of the Course	Duration	Trainer of the Course
1.	FTC on Reactor Engineering	07-25 Feb. 2021 (3 Weeks)	Two Experts from JAEA-Japan, Senior Scientists of BAEC and Scientists trained in Japan under ITC.

উল্লিখিত কোর্সে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন ইনস্টিটিউট/ইউনিট/কেন্দ্র/ডিভিশন/রূপপুর (এনপিপি) প্রজেক্ট থেকে প্রশিক্ষার্থীদের মনোনয়ন আহ্বান করা হচ্ছে। এসও/এসএসও/সমপর্যায় কর্মকর্তাদেরকে উল্লেখিত কোর্সে মনোনয়ন প্রদান করা যাবে। নিম্নের ছক মোতাবেক মনোনীত প্রশিক্ষার্থীর সদয় তোলা একখানা পাসপোর্ট সাইজের ছবিসহ (স্ক্যান করে জেপিজে ফরম্যাটে আলাদা ভাবে পাঠাতে হবে) প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত সংক্ষিপ্ত বায়োডাটা **আগামী ২৮ জানুয়ারি, ২০২১ খ্রি.** তারিখের মধ্যে ট্রেনিং ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর হার্ডকপি এবং সফটকপি (ই-মেইলঃ ti_baec@yahoo.com) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

মনোনীত প্রশিক্ষার্থীর তথ্য ছক

ক) প্রশিক্ষার্থীর নাম (ইংরেজী)	ঃ		
(বাংলা)	ঃ		
খ) পদবী	ঃ		
গ) চাকুরীতে যোগদানের তারিখ	ঃ		
ঘ) কর্মস্থলের পূর্ণাঙ্গ ঠিকানা	ঃ		
ঙ) ফোন	ঃ	অফিস-	মোবাইল-
চ) ই-মেইল	ঃ		
ছ) বেতনক্রম (গ্রোড উল্লেখসহ)	ঃ		
জ) শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ ডিগ্রি)	ঃ		
ঝ) পূর্ব প্রশিক্ষণের সংক্ষিপ্ত বিবরণ	ঃ		


অত্র কোর্সে মনোনীত প্রশিক্ষার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়সমূহঃ

- ১। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য কমিশনে কর্মরতদের কোন প্রকার কোর্স ফি প্রদান করতে হবে না।
- ২। প্রশিক্ষার্থীকে অবশ্যই ৯ম-৬ষ্ঠ গ্রোডের কর্মকর্তা (এসও/এসএসও/সমপর্যায়) হতে হবে।
- ৩। ট্রেনিং ইনস্টিটিউটে আগত প্রশিক্ষার্থীকে কোন ধরনের টিএ/ডিএ/সম্মানী প্রদান করা হবে না। তবে প্রশিক্ষার্থীগণ স্ব-স্ব কেন্দ্র বা প্রতিষ্ঠান হতে প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদি উত্তোলন করতে পারবেন।
- ৪। প্রশিক্ষণ চলাকালীন সকল প্রশিক্ষার্থী ট্রেনিং ইনস্টিটিউটের ডরমিটরিতে (বিনা ভাড়ায়) থাকা আবশ্যিক।

অ:প:দ্র:

- ৫। প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের নিজ খরচে খাবারের ব্যবস্থা করতে হবে।
- ৬। প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.১৫ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলবে এবং প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে সকল ক্লাশে উপস্থিত থাকা ও পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।
- ৭। প্রশিক্ষণার্থীকে নিজ নিজ কেন্দ্র/প্রতিষ্ঠান হতে ছাড়পত্র সংগ্রহ করে তা জমা দিয়ে কোর্স শুরুর পূর্বে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ৮। প্রশিক্ষণের উপযোগিতা নিরীখে ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণার্থীর চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।
- ৯। প্রশিক্ষণ চলাকালীন সর্বক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।


13.01.2021
(ড. আনন্দ কুমার দাস)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক

বিতরণঃ

- ১। পরিচালক,

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, বাপশক, ঢাকা।
- ২। সদস্য (প্রকৌশল), বাপশক, ঢাকা।
- ৩। সদস্য (ভৌত বিজ্ঞান), বাপশক, ঢাকা।
- ৪। সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।
- ৫। সদস্য (জীব-বিজ্ঞান), বাপশক, ঢাকা।
- ৬। সচিব, বাপশক, ঢাকা।
- ৭। অর্থ উপদেষ্টা, বাপশক, ঢাকা।
- ৮। মহা-পরিচালক, এইআরই, সাভার, ঢাকা।